

প্রথম আলো

বুধবারের ক্রোড়পত্র

১৮ জুলাই ২০১২

এইচআইভি সংক্রমণ প্রতিরোধী প্রথম ওষুধ

প্রথম আলো ডেস্ক ●

প্রাণঘাতী এইডস রোগ
সৃষ্টিকারী ভাইরাস
এইচআইভির সংক্রমণ
প্রতিরোধক একটি ওষুধ
যুক্তরাষ্ট্রে প্রথমবারের মতো
অনুমোদন করা হয়েছে। এটি
ট্রুভাডা নামের একটি বড়ি।
দেশটির খাদ্য ও ওষুধ নিয়ন্ত্রক
কর্তৃপক্ষ (এফডিএ) গত
সোমবার এই অনুমোদন দেয়।

এফডিএর এক বিবৃতিতে বলা
হয়, যাদের এইডস সংক্রমণের
উচ্চমাত্রার ঝুঁকি রয়েছে বা
এইচআইভি আক্রান্ত কারও সঙ্গে
শারীরিক সংসর্গের সম্ভাবনা



রয়েছে, তারা দিনে একটি
করে ট্রুভাডা সেবন করতে
পারেন। তবে এইডস
প্রতিরোধে সমন্বিত
পরিকল্পনার অংশ হিসেবেই
কেবল ট্রুভাডা ব্যবহার করতে
হবে। পাশাপাশি কনডমের
ব্যবহার ও নিয়মিত
এইচআইভি পরীক্ষা অব্যাহত
রাখতে হবে।

ট্রুভাডা ব্যবহারে
এইচআইভি সংক্রমণের ঝুঁকি ৭৩
শতাংশ পর্যন্ত কমে বলে গবেষণায়
তথ্য পাওয়া গেছে। তবে
এইচআইভি আক্রান্ত ব্যক্তিদের
নিয়ে গবেষণাকারী কয়েকটি
এরপর পৃষ্ঠা ২১ কলাম ৩

এইচআইভি সংক্রমণ

শেষ পৃষ্ঠার পর

সংগঠন এ ওষুধ বাজারে ছাড়ার
বিরোধিতা করেছে। ট্রুভাডা হাতে
পেলে যৌননিরাপত্তা নিয়ে ভুল ধারণা
বা আত্মবিশ্বাস তৈরি হতে পারে বলে
উদ্বেগ প্রকাশ করা হয়েছে।

ট্রুভাডা বড়ির অনুমোদন দেওয়ার
জন্য স্বাস্থ্য বিশেষজ্ঞদের একটি দল
গত মে মাসে সুপারিশ করে।
ক্যালিফোর্নিয়াভিত্তিক প্রতিষ্ঠান
গিলিড সায়েন্সেস ওষুধটি তৈরি
করেছে। বিবিসি।